



কোভিড-১৯: চিকিৎসা বিষয়ে

জরুরী গণবিজ্ঞপ্তি

আপনার জ্বর, গলা ব্যথা, ম্যাজ ম্যাজ ভাব, শরীর ব্যথা, হাঁচি, কাশি, সর্দি এসব উপসর্গ যদি থাকে তবে শ্বাসকষ্ট না থাকে-

তাহলে বাড়িতেই থাকুন এবং নিম্নোক্ত নিয়মসমূহ মেনে চলুনঃ

- কুসুম গরম পানি পান করুন ও গরম পানি দিয়ে গড়গড়া করুন
- বাড়ির অন্যদের থেকে আলাদা থাকুন
- দিনে অন্ততঃ দু'বার শরীরের তাপমাত্রা মাপুন
- মাস্ক পড়ুন
- বাড়িতে অতিথিদের আসা বন্ধ করুন
- ঘনঘন সাবান পানি দিয়ে হাত ধুবেন
- জ্বর কমানোর জন্য প্যারাসিটামল খাবেন
- সর্দি-কাশির জন্য এন্টিহিস্টামিন (যেমন ফেক্সোফেনাডিন, ক্লোরফেনিরামিন ইত্যাদি) খেতে পারেন
- হাত দিয়ে নাক, চোখ, মুখ ছোবেন না।

প্রয়োজনে ১৬২৬৩ বা ৩৩৩ নম্বরে ফোন করে বিনামূল্যে চিকিৎসকের পরামর্শ নিন

- আপনার উপরোক্ত উপসর্গসমূহ থাকলে এবং বয়স ৬০-এর বেশী হলে বা অন্যান্য অসুস্থতা যেমন উচ্চ রক্তচাপ, হাঁপানী, হৃদরোগ, ডায়াবেটিস, গর্ভাবস্থা থাকলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ গ্রহণ করুন।
- শ্বাসকষ্ট হলে বা অন্যান্য জটিলতা দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন।



স্বাস্থ্য অধিদপ্তর

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

